



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

তারিখ: ০২/০৬/২৬

নং- ৪৮৩/ক/অনু:/২০১৪/২৮০৭

বিষয়: মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলাধীন “গোলাইডাংগা মুক্তিযুদ্ধ স্মৃতি কলেজ”-এ উচ্চমাধ্যমিক পর্যায়ে “কৃষি শিক্ষা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং ভূগোল” বিষয়সমূহ খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭০.৭২.২৩.২০২৫-৩৪, তারিখ: ১৬/০২/২০২৬ ও
৩৭.০০.০০০০.০৭০.৭২.২৩.২০২৫-২৩৪, তারিখ: ২৯/১২/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলাধীন “গোলাইডাংগা মুক্তিযুদ্ধ স্মৃতি কলেজ”-এ ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষ হতে নিম্নোক্ত শর্তে উচ্চমাধ্যমিক পর্যায়ে “কৃষি শিক্ষা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং ভূগোল” বিষয়সমূহ খোলার অনুমতি প্রদান করা হলো।

শর্ত সমূহ

- ১) শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ২) আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৩) ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা হবে না;
- ৪) কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৫) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৬) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ৭) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে; এবং
- ৮) কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর মুনসী হুমায়ুন কবির

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৫৮৬১২৪৭৬

ইমেইল : ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

গোলাইডাংগা মুক্তিযুদ্ধ স্মৃতি কলেজ (EINN-136915)

সিংগাইর, মানিকগঞ্জ

মেমো নং- ২৮০৭ (৬)

তারিখ: ০২/০৬/২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল:

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। মহাপরিচালক, শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরো, নীলক্ষেত, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা